“থাকব ভালো, রাখব ভালো দেশ
বৈধ পথে প্রবাসী আয়-গড়ব বাংলাদেশ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৮৯/২, কাকরাইল, ঢাকা।
প্রশাসন শাখা
www.bmet.gov.bd

**আগস্ট ২০২৩ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভার সভাপতি | : | জনাব মোঃ শহীদুল আলম এনডিসি (অতিরিক্ত সচিব)<br>মহাপরিচালক জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো |
| তারিখ | : | ২১/০৮/২০২৩ খ্রিঃ, সকাল ১১:০০ টা |
| সভার স্থান | : | বিএমইটি’র সম্মেলন কক্ষ |

**উপস্থিতির তালিকা : পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।**

উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভা শুরু করেন। প্রারম্ভিক বক্তব্যে তিনি সকলকে সততা, দক্ষতা ও নিষ্ঠার সাথে নিজ নিজ দায়িত্ব পালনের আহবানসহ বিএমইটি’র সকল কর্মকর্তাকে দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে পালনের আহবান জানান।

০২। বিগত জুলাই/২০২৩ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হলে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। অতঃপর নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা অনুষ্ঠিত হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম নং | আলোচ্যসূচি | | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১। | **প্রশাসন ও অর্থ শাখার কার্যক্রম:** | ১.১ | **APA/NIS লক্ষ্যমাত্রা অর্জন সংক্রান্ত:** ২০২২-২৩ এর APA/NIS পুরোপুরি বাস্তবায়ন করার উদ্যোগ নিতে হবে।<br>-সেসকল কর্মকর্তা কর্মচারী ২০২২-২৩ এর শুদ্ধাচার পুরষ্কারের জন্য মনোনিত হয়েছেন তাঁদেরকে পুরষ্কার ও ক্রেস্ট সেপ্টেম্বর ২০২৩ মাসে প্রদানের সিদ্ধান্ত হয়। | প্রকল্প পরিচালক (সকল), পরিচালক (সকল), ফোকাল পয়েন্ট কর্মকর্তা (APA/NIS) |
| | | ১.২ | **নিয়োগবিধি সংক্রান্ত:** নিয়োগবিধি চুড়ান্তকরণে প্রশাসনিক মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রেখে গুরুত্বসহকারে এর সংশোধনী প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| | | ১.৩ | **ACR সংক্রান্ত:** বিএমইটি এবং এর অধীনস্থ দপ্তর ও প্রতিষ্ঠানসমূহে কর্মরতদের ACR দ্রুত প্রদানের জন্য একটি নির্দিষ্ট তারিখের মধ্যে জমা দেওয়ার তাগিদ দিতে হবে। অনলাইনে ACR সংক্রান্ত একটি লিংক রাখার সিদ্ধান্ত হয়।<br>- ACR সংরক্ষণে যথাযথ উদ্যোগ গ্রহণ করতে হবে। | |
| | | ১.৪ | **অনিয়মিত শ্রমিক সংক্রান্ত:** বিএমইটি’র অধীনস্থ বিআইএমটি, নারায়নগঞ্জ এবং সংশ্লিষ্ট প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহে অনিয়মিত শ্রমিক/দৈনিক মজুরি ভিত্তিক শ্রমিক নিয়োজিত না করা প্রসঙ্গে গত ২৬/০৬/২০২৩ পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্রের আলোকে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ কি ধরণের পদক্ষেপ নিয়েছে সে বিষয়ে অগ্রগতি প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত হয়। | |
| | | ১.৫ | **২২ ডিইএমও:** ২২টি ডিইএমও এর দায়িত্ব বন্টন এবং সেপ্টেম্বর ২০২৩ এর মধ্যে উদ্বোধন করার বিষয়ে সিদ্ধান্ত হয়। | |
| | | ১.৬ | **ইন হাউজ প্রশিক্ষণঃ** গত বছরের ন্যায় এ অর্থ বছরে ইনহাউজ প্রশিক্ষণ আয়োজন করতে হবে সেপ্টেম্বর হতে। | |
| | **বাজেট সংক্রান্ত:** | ১.৭ | বাজেট সংক্রান্ত বিষয়ে একটি সভা মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে করার সিদ্ধান্ত হয়। | |
| | **আইন ও বিধি শাখা:** | ১.৮ | বিএমইটি’র মামলা পরিচালনার জন্য প্যানেল এ্যাডভোকেট নিয়োগের বিষয়ে একজন আইনজবি নিয়োগ প্রদান যায় কিনা তা অর্থ মন্ত্রণালয়ের সাথে পত্র বিনিময়ের মাধ্যমে নিশ্চিত করতে হবে।<br>-বিএমইটি’র মামলা সংক্রান্ত বিষয়ে আলাদা Encloser দিয়ে সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।<br>-বিএমইটি’র মামলা সংক্রান্ত বিষয়ে করণীয় সম্পর্কে একটি ওয়ার্কসপ আগামী ১৫ সেপ্টেম্বর ২০২৩ তারিখের মধ্যে করতে হবে। ওয়ার্কসপে কমপক্ষে বিএমইটি’র ৩৫জন অফিসার, ৭জন আইনজীবিকে আমন্ত্রণ জানাতে হবে।<br>-মামলাগুলো নিয়ে ৭টি গ্রুপ অনুযায়ী ওয়ার্কসপ করতে হবে।<br>-২৩৪টি মামলা নিষ্পত্তিকরণে প্রয়োজনীয় Action Plan তৈরি করতে হবে। | |

| ক্রম নং | আলোচ্যসূচি | | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | **আইটি শাখা:** | ১.৯ | ৩১/০৮/২০২৩ এর মধ্যে আইটি শাখায় দৃশ্যমান অগ্রগতি দেখাতে হবে। | আইটি শাখা |
| | **সাধারন সেবা :** | ১.১০ | **জ্বালানী খরচ ২৫% সাশ্রয়:** বিএমইটি'র গাড়ীসমূহের জ্বালানী খরচ ২৫% সাশ্রয় করার বিষয়ে সকলে সহযোগিতা এবং পুরোপুরি বাস্তবায়নের আহবান জানানো হয়। | উপপরিচালক (সাধারণ সেবা) |
| **০২।** | **বহির্গমন শাখার কার্যক্রমঃ** | ২.১ | ১০% সার্টিফাই ওয়ার্কার প্রেরণের ক্ষেত্রে কোনো রিক্রুটিং এজেন্টকে ভিসার মেয়াদ না থাকার কারণে বহির্গমন ছাড়পত্র প্রদান করা হলে আবেদনের সময়ে নোটে উল্লেখ করতে হবে যেন পরের বার উক্ত কোটাসহ লোক প্রেরণ করে। | ১। পরিচালক (বহির্গমন)<br>২। পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| | | ২.২ | বহির্গমন শাখার সৃজনশীল কাজের জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | |
| | | ২.৩ | QR মেশিন বসানোঃ বহির্গমন শাখার নথির সিরিয়াল ঠিক রাখার জন্য QR মেশিন বসানোর সিদ্ধান্ত হয়। | |
| | | ২.৪ | অধিকতর সুশৃঙ্খল সেবা দেওয়ার জন্য রিক্রুটিং এজেন্সি বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত হয়। | |
| | | ২.৫ | বহির্গমন শাখার সেবা সংক্রান্ত বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত সিদ্ধান্তসমূহ:<br>(ক)দালাল ও মধ্যসত্বভোগীদের দৌরাত্ম রোধে রিক্রুটিং এজেন্সি'র মালিক/ প্রতিনিধিদেরকে বহির্গমন ছাড়পত্রের ক্ষেত্রে বিদেশগামী কর্মীর মূল পাসপোর্ট এবং মূল লাইসেন্স বই প্রদর্শনের সিদ্ধান্ত হয়।<br>(খ) বিএমইটি'র বহির্গমন ছাড়পত্র সহজীকরণের বিষয়ে ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাথে একটি মতবিনিময় সভা করার সিদ্ধান্ত হয়।<br>(গ) বিএমইটি সার্ভারের ডাটা এন্ট্রির কার্যক্রম সকাল ০৯:৩০ হতে বিকাল ০৪:০০ টা পর্যন্ত চালু রাখার সিদ্ধান্ত হয়।<br>(ঘ) রিক্রুটিং এজেন্সি'র মালিক/প্রতিনিধিদেরকে আইডি কার্ড প্রদর্শন এবং বিএমইটি'র মেইন গেইটে রেজিস্টারে নাম লিপিবদ্ধ করার সিদ্ধান্ত হয়।<br>(ঙ) পরিচয়পত্র ও মূল লাইসেন্স বই প্রদর্শনে ব্যর্থ হলে আবেদনপত্র গ্রহণ করা হবে না।<br>(চ) প্রত্যেক রিক্রুটিং এজেন্সির পক্ষে বহির্গমন সংক্রান্ত আবেদন দাখিল ও এ সংক্রান্ত কার্যক্রমের জন্য শুধুমাত্র ০১ (এক) জন প্রতিনিধি নিয়োজিত থাকতে পারবেন।<br>(ছ) বহির্গমন ছাড়পত্রের আবেদন দাখিলের সময়সীমা সকাল ০৯:৩০ – ১১:০০ টা পর্যন্ত।<br>(জ) সৌদিআরব, মালয়েশিয়া এবং অন্যান্য দেশসমূহের বহির্গমন ছাড়পত্রের আবেদন পৃথক পৃথক ০৩ (তিন) টি কাউন্টারে গ্রহণ করা হবে এবং ক্রমানুযায়ী আবেদন গ্রহণ ও নিষ্পত্তি করা হবে।<br>(ঝ) নিরাপত্তা নিশ্চিতকরণে রমনা থানায় পুলিশ রাখার বিষয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত হয়।<br>(ঞ) বহির্গমন শাখার কার্যক্রম সুষ্ঠ, সুশৃঙ্খল ও মান সম্মত করার লক্ষ্যে শনিবার ও বুধবার বেজোড় সংখ্যার আরএল; রবিবার ও মঙ্গলবার জোড় সংখ্যার আরএল এবং বৃহস্পতিবার প্রশাসনিক, দাপ্তরিক ও অনিস্পত্তিকৃত কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ট) অফিস সময় পরে নিরাপত্তার স্বার্থে বহির্গমন শাখার মূল ভবনের গেট সিলগালা (Sealed) রাখার সিদ্ধান্ত হয়।<br>(ঠ) কর্মকর্তা/কর্মচারীদের সুনির্দিষ্ট দায়িত্ব পালনে কর্মবন্টন চূড়ান্ত করার সিদ্ধান্ত হয়।<br>(ড) সচিবালয়ের নির্দেশনা অনুসারে নথি ব্যবস্থাপনা শতভাগ নিশ্চিত করার সিদ্ধান্ত হয়।<br>(ঢ) কাউন্টার সিস্টেমে ০৩টি কাউন্টারের মাধ্যমে আবেদনপত্র জমা নেওয়ার সিদ্ধান্ত হয়।<br>(ণ) সকল কর্মকর্তা/কর্মচারীদের ID Card তৈরি ও ব্যবহারের সিদ্ধান্ত হয়।<br>(ত) বহির্গমন ভবন দিবা/রাত্রি ২৪ ঘন্টা সিসিটিভির পর্যবেক্ষণাধীন রাখার সিদ্ধান্ত হয়। | |
| **০৩।** | **কর্মসংস্থান শাখার কার্যক্রমঃ** | ৩.১ | প্রতিনিধি নিয়োগ সংক্রান্ত: প্রতিনিধি নিয়োগের বিষয়ে আলোচনা হয়। আলোচনায় দেশের অভ্যন্তরে রিক্রুটিং এজেন্সির প্রতিনিধি নিয়োগের পূর্বে গন্তব্য দেশে প্রতিনিধি নিয়োগের জন্য রিক্রুটিং এজেন্সিকে নির্দেশনা প্রদান করার সিদ্ধান্ত হয়। | পরিচালক (কর্মসংস্থান) |
| | | ৩.২ | কর্মসংসংস্থান শাখাকে কাজের কার্যক্রমের জন্য ধন্যবাদ জানানো হয়। | |
| **০৪।** | - | ৪.১ | প্রশাসনিক মন্ত্রণালয়ের ২৩/০৫/২০২৩ তারিখের ১০% ন্যাশনাল ট্রেনিং এন্ড ভোকেশনাল কোয়ালিফিকেশনস ফ্রেমওয়ার্ক (NTVQF) সমমানের লেভেলধারী | ১। পরিচালক বহির্গমন |

| ক্রম নং | আলোচ্যসূচি | | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | **প্রশিক্ষণ শাখার কার্যক্রমঃ** | | কর্মী নির্বাচনের নীতিমালার আলোকে NSDA, BITAC এবং NTVQF Level সম্পন্ন নির্বাচন ও তদনুযায়ী বৈদেশিক কর্মসংস্থান সংক্রান্ত কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ২। পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা)<br>৩। পরিচালক (প্রশিক্ষণ মান ও পরিকল্পনা)<br>৪। অধ্যক্ষ টিটিসি (সকল) |
| | | ৪.২ | সরকারী সিদ্ধান্ত প্রচারে বিএমইটি'র সংশ্লিষ্ট যে বিষয়সমূহ আবশ্যিক রয়েছে যেমন- TAKAMOLE, PDO এর মতো Level আছে কিনা তা যাচাই করতে হবে। | |
| | | ৪.৩ | যেসকল প্রশিক্ষণার্থী Level এর জন্য ভর্তি হয় তাদেরকে বহির্গমনের জন্য বিএমইটি'র রেজিস্ট্রেশন, ফিঙ্গারপ্রিন্ট, বহির্গমন ছাড়পত্র সম্পর্কে ধারণা প্রদান এবং রিক্রুটিং এজেন্সি'র সাথে Linkage তৈরি করে দিতে হবে। | |
| | | ৪.৪ | টিটিসিসমূহে কোনো ট্রেড পরিচালনার জন্য অতিরিক্ত মহাপরিচালক (প্রশিক্ষণ) বরাবর অনুমোদন নিতে হবে। | |
| | | ৪.৫ | কোনো টিটিসিতে সংশ্লিষ্ট শিক্ষক না থাকলে ট্রেড বন্ধ থাকবে। সংশ্লিষ্ট শিক্ষক থাকলে উক্ত ট্রেডে যেন প্রশিক্ষণার্থী আসন সংখ্যা খালি না থাকে সে বিষয়ে কার্যকর পদক্ষেপ নিতে হবে। | |
| | | ৪.৬ | হাউজকিপিং কোর্সঃ হাউজকিপিং কোর্সে জাল সার্টিফিকেট প্রদানে দায়ীদের বিরুদ্ধে কার্যকর পদক্ষেপ নিতে হবে। কোনো টিটিসিতে ৭০% প্রশিক্ষণার্থী ভর্তি না হওয়া পর্যন্ত কোর্স পরিচালনা করা যাবে না। | |
| | | ৪.৭ | **Im Japan কোর্সঃ** Im Japan কোর্স এর প্রশিক্ষণার্থদের পাশ করানোর বিষয়ে বিশেষ কোর্সের ব্যবস্থা গ্রহণ করতে হবে। যদি কোনো প্রতিষ্ঠানের প্রশিক্ষণার্থীরা পাশ না করে তাহলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অধ্যক্ষ এবং শিক্ষককে এর জন্য জবাবদিহি করতে হবে। | |
| | | ৪.৮ | **২০২২-২৩ এর টিচার্স ট্রেনিং সংক্রান্তঃ** ২০২২-২৩ অর্থ বছরে এনজিও এর সমন্বয়ে ট্রেনিং এর তথ্য নিয়ে অর্জন সম্পটর্কিত একটি রিপোর্ট প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত হয়। | |
| | | ৪.৯ | Language Lab : প্রত্যেক টিটিসি জেলা স্কুলের Language Lab এর সাথে Linkage এর উদ্যোগ নিতে হবে। | |
| | | ৪.১০ | আইএমটি ও টিটিসি প্রশিক্ষণার্থী ভর্তি হওয়ার সময় অ্যালামাইন ফরম ফিলাম করবে। প্রশিক্ষণার্থী সেই গ্রুপের সদস্য হবে। প্রত্যেক আইএমটি ও টিটিসিতে প্রশিক্ষণার্থী নিয়ে সোস্যাল মিডিয়ায় অ্যালামাইন গ্রুপ থাকবে। যারা চাকুরী পেয়েছে তাদের তথ্য অ্যালামাইন গ্রুপে থাকবে। | |
| **০৫।** | **'৪০টি উপজেলায় ৪০টি টিটিসি ও চট্টগ্রামে ০১টি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি স্থাপন' শীর্ষক প্রকল্প** | ৫.১ | ৪০টি টিটিসির মধ্যে 'উদ্বোধনকৃত ৩১ টি টিটিসিতে বিভিন্ন ক্যাটাগরিতে সর্বমোট ২৩,১৩৫টি আসবাবপত্র সরবরাহ করা হয়েছে এবং অবশিষ্ট ০৯টি টিটিসিতে আসবাবপত্র সরবরাহ করার সিদ্ধান্ত হয়। ০৯ টি টিটিসি'র মধ্যে ০৪টি টিটিসি আগামী সেপ্টেম্বর ২০২৩ এ উদ্বোধন হওয়ার বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয় হতে সিদ্ধান্ত পাওয়া গেছে। উক্ত ৪টি টিটিসি উদ্বোধনের পূর্ব প্রস্তুতি হিসেবে সকল কার্যক্রম সম্পন্ন করার সিদ্ধান্ত হয়।<br>- বিএমইটি'র সকল প্রজেক্টগুলো নিয়ে জনাব সাইফুল ইসলাম, যুগ্মসচিব ও প্রকল্প পরিচালক (৪০টিটিসি) এর সভাপতিত্বে করার সিদ্ধান্ত হয়। | প্রকল্প পরিচালক |
| **০৬।** | **ঢাকা টেকনিক্যাল টিচার্স ট্রেনিং ইন্সটিটিউট (ডিটিটিটিআই) এর কার্যক্রম:** | ৬.১ | গত ১৬/০৮/২০২৩ তারিখে প্রশাসনিক মন্ত্রণালয়ে ঢাকা টেকনিক্যাল টিচার্স ট্রেনিং ইন্সটিটিউট (ডিটিটিটিআই) এর কার্যক্রম এবং পদ সৃজন সংক্রান্ত বিষয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত মোতাবেক প্রকল্প পরিচালককে আরও গুরুত্ব দিয়ে পদ সৃজনের বিষয়ে পালনের নির্দেশনা প্রদান করা হয়। | প্রকল্প পরিচালক |

| ক্রম নং | আলোচ্যসূচি | | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০৭। | **'দেশ বিদেশে কর্মসংস্থানের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান শীর্ষক প্রকল্প':** | ৭.১ | প্রকল্পের আওতায় এ পর্যন্ত মোট ০৮টি ব্যাচের মাধ্যমে ২৯,৩৬২ প্রশিক্ষণার্থী ভর্তি হয়ে ২৮,৪৪৭জন লার্ণার লিস্টে আছে (৯৬.৮৮%)। BRTA রেজাল্টে পাশ করেছে ২০,৪৬১জন, পাশের হার ৭১.৯৩%। ডেলিভারী স্লিপ পেয়েছেন ১৭,৩৩৩জন (৮৪.৭০%)। প্রকল্পটির সফলতা বাড়ানোর নির্দেশনা প্রদান করা হয়। | প্রকল্প পরিচালক অধ্যক্ষ, টিটিসি (সকল) |
| ০৮। | **প্রকল্পসমূহের কার্যক্রমঃ** | ৮.১ | **'উপজেলা পর্যায়ে ১০০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন' শীর্ষক প্রকল্পঃ** গত ৩০/০৪/২০২৩ তারিখে অনুষ্ঠিত পিইসি সভার সিদ্ধান্তের আলোকে "উপজেলা পর্যায়ে ৫০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন" শীর্ষক প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি ২৪/০৫/২০২৩ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। একনেক সভায় উপস্থাপনের জন্য সারসংক্ষেপ মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে। একনেক সভায় উপস্থাপনের জন্য ১৯.০৭.২০২৩ খ্রিঃ তারিখে সংশ্লিষ্ট সেক্টর হতে এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগে প্রেরণ করা হয়েছে। পরবর্তী একনেক সভা উপস্থাপন করা হবে মর্মে জানা গেছে। ৫০ টি টিটিসি'র ডিপিপি সর্বশেষ অবস্থান সম্পর্কে সভায় উপস্থাপন করতে হবে। | উপপরিচালক (প্রশিক্ষণ) জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন |
| | | ৮.২ | **'SEIP ও KOICA' এর অর্থায়নে ৩টি টিটিসি'র আধুনিকায়ন শীর্ষক কার্যক্রম: প্রকল্পের আওতায়** ১২ জনের দক্ষিণ কোরিয়ায় Leadership Training Program KPC কর্তৃক সম্পন্ন করা হয়েছে। অপরদিকে KOICA এর অর্থায়নে বর্ণিত ৩টি টিটিসি'র KPC এর মাধ্যমে CS, CBC, CBLM ও Assessment Tools প্রস্তুতকরণের কাজ চলমান রয়েছে। প্রশিক্ষকদের মানোন্নয়নের জন্য দেশে-বিদেশে প্রশিক্ষণ প্রদান করা হবে। ইতোমধ্যে দুই গ্রুপের ৮০ জন প্রশিক্ষকের প্রশিক্ষণ কার্যক্রম বিকেটিটিসি, চট্টগ্রামে সমাপ্ত হয়েছে। উক্ত ৮০ জন প্রশিক্ষক হতে বাংলাদেশ-জার্মান (১৬), খুলনা (১৪) ও সিলেট (১২) টিটিসিত্রয়ের জন্য দক্ষিণ কোরিয়া এডভান্স প্রশিক্ষণের জন্য নির্বাচিত মোট (১৬+১৪+১২) = ৪২ (বিয়াল্লিশ) জন প্রশিক্ষককে বয়স, স্বাস্থ্য, শিক্ষাগত যোগ্যতা, বেসিক প্রশিক্ষণের কর্মদক্ষতা ও প্রশিক্ষক হিসাবে দক্ষতা এবং ইংরেজি ভাষার প্রাথমিক দক্ষতা বিবেচনায় Korea Productivity Centre (KPC) এর PMC কর্তৃক নির্বাচন করা হয়েছে। নির্বাচিত প্রশিক্ষকগণের প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন শেষে দক্ষিণ কোরিয়া হতে বাংলাদেশে ফিরে এসেছে। প্রকল্পের সর্বশেষ অগ্রগতি পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | |
| | | ৮.৩ | **'৬৪টি জেলায় ৬৪টি জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস স্থাপন' শীর্ষক প্রকল্পঃ** "সকল বিভাগ ও জেলায় কর্মসংস্থান ও জনশক্তি অফিস স্থাপন" শীর্ষক প্রকল্পটির বাস্তবায়নযোগ্যতা নিরীক্ষা (Feasibility Study) এর প্রস্তাবিত ব্যয় ৬৭,৪৫,০০০.০০ (সাতষট্টি লক্ষ পঁয়তাল্লিশ হাজার) টাকা বরাদ্দ প্রদানের অনুরোধ জানিয়ে ০৫.০৩.২০২৩ খ্রিঃ তারিখে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়। প্রকল্পটির Feasibility Study এর অগ্রগিতি পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | |
| ০৯। | **ডিইএমও সমূহের কার্যক্রম:** | ৯.১ | সকল ডিইএমও এর পক্ষ থেকে ঢাকা ডিইএমও এর সহকারী পরিচালক সভায় জানান যে, বিদেশগামী কর্মীগণ বিএমইটি ডাটাবেজ ছাড়াও আমি প্রবাসী অ্যাপস এর মাধ্যমে রেজিস্ট্রেশন করে থাকেন। ডিইএমও এর মাধ্যমে একই সঙ্গে রেজিস্ট্রেশন এবং ফিঙ্গারপ্রিন্ট গ্রহণ করা হলেও আসি প্রবাসী অ্যাপস এর মাধ্যমে রেজিস্ট্রেশন করা কর্মীগণকে ফিঙ্গারপ্রিন্ট এর জন্য পুনরায় ডিইএমওগুলোতে আসতে হয়। আমি প্রবাসী অ্যাপস রেজিস্ট্রেশন এর টাকা নিলেও ফিঙ্গারপ্রিন্ট এর জন্য কোন ব্যবস্থা রাখে নাই। ফলে ডিইএমতে কর্মরত ডাটা এন্ট্রি অপারেটরগণ কোন সম্মানী পান না। যেহেতু ডাটা এন্ট্রি অপারেটরগণ নো ওয়ার্ক নো পে এর ভিত্তিতে ডাটা এন্ট্রি করে থাকেন। এ বিষয়ে তিনি মতামতে জন্য বলেন।<br>-আমি প্রবাসী অ্যাপস এর মাধ্যমে রেজিস্ট্রেশন সম্পন্নকারী কর্মীগণের ফিঙ্গারপ্রিন্ট গ্রহণের ক্ষেত্রে যথাযথ প্রমাণকের ভিত্তিতে ডাটা এন্ট্রি অপারেটরগণ রেজিস্ট্রেশনের সমপরিমাণ সম্মানী প্রাপ্য হবেন মর্মে সিদ্ধান্ত হয়। | সহকারী পরিচালক ডিইএমও(সকল)। সমন্বয়ক সহকারী পরিচালক ডিইএমও, ঢাকা। |

| ক্রম নং | আলোচ্যসূচি | সিদ্ধান্ত | | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | | - বিএমইটি কর্তৃক প্রদেয় সকল সেবাকে দ্রুত ও জনবান্ধব করতে রেজিস্ট্রেশন ও ফিঙ্গারপ্রিন্ট সহজীকরণ করা প্রয়োজন। রেজিস্ট্রেশন ও ফিঙ্গারপ্রিন্ট কর্মীর বিদেশ গমনের নিশ্চয়তা বহন করে না। বিদেশ গমনেচ্ছু কর্মীদের রেজিস্ট্রেশন ও ফিঙ্গারপ্রিন্ট কার্যক্রম সহজীকরণার্থে কর্মীর মূল পাসপোর্ট/ফটোকপি দাখিল সাপেক্ষে রেজিস্ট্রেশন ও ফিঙ্গারপ্রিন্ট একইসাথে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১০। | **শিক্ষানবিসি প্রশিক্ষণ দপ্তরের কার্যক্রম সংক্রান্ত:** | ১০.১ | শিক্ষানবিসি দপ্তর সংক্রান্ত গাইডলাইনের যে খসড়াটি প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে তার আলোকে ধারাহিকভাবে প্রস্তুতি নিতে হবে।<br>টিটিসি'র 'জব ফেয়ার' ইন্টার্নিশীপের দায়িত্ব পালন করবে শিক্ষানবিসি প্রশিক্ষণ দপ্তর। | সহকারী পরিচালক (শিক্ষনবিসি প্রশিক্ষণ দপ্তর) |
| ১১। | **বিবিধ** | ১১.১ | **বিএমইটি'র পারফরমেন্স অ্যাওয়ার্ড:** বৈদেশিক কর্মসংস্থান ও দক্ষতা উন্নয়নে স্বীকৃতিস্বরূপ বিএমইটি কর্তৃক পারফরমেন্স অ্যাওয়ার্ড প্রদান এবং পারফরমেন্স অ্যাওয়ার্ড নামে সোনালী ব্যাংকে একটি একাউন্ট খোলার সিদ্ধান্ত হয়। এতদবিষয়ক কার্যক্রম বাস্তবায়নে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল কর্মকর্তা ও কর্মচারী |
| | | ১১.২ | **ইন্টি টোবাকো ক্যাম্পেইন অ্যাওয়ার্ড**: বিএমইটিকে তামাকমুক্ত সংস্থা ঘোষণা করার লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ এবং এন্টি টোবাকো ক্যাম্পেইন এর মাধ্যমে প্রশিক্ষণার্থী অভিবাসী কর্মীদেরকে তামাকের ক্ষতিকর বিষয়ে সচেতনাকরণসহ বিএমইটি ও এর অধীন দপ্তরসমূহকে তামাকমুক্ত সংস্থা হিসেবে প্রতিষ্ঠার লক্ষ্যে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীকে অ্যাওয়ার্ড প্রদানে কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। এন্টি টোবাকো ক্যাম্পেইন অ্যাওয়ার্ড প্রদানের লক্ষ্যে একটি তহবিল গঠনের জন্য সোনালী ব্যাংকে একটি একাউন্ট খোলার সিদ্ধান্ত হয়। | |
| | | ১১.৩ | বিএমইটি'র পূর্ব অনুমোদন ছাড়া এর অধীনস্ত প্রশিক্ষণ প্রতিষ্ঠান এবং দপ্তরসমূহ অন্য কোনো দপ্তরে (SEIP, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, বোয়েসেল) প্রতিবেদন প্রেরণ, তথ্য প্রদান, প্রতিষ্ঠান ব্যবহার, প্রতিবেদন, কোর্স পরিচালনা করা যাবেনা। প্রয়োজনে বিএমইটি'র মাধ্যমে প্রেরণ করতে হবে। বিষয়টি অতিব গুরুত্বপূর্ণ। | সকল অফিস প্রধান |
| | | ১১.৪ | সকল শাখার পরিচালকগণ বিএমইটি'র জন্য শাখাভিত্তিক কমপক্ষে ০২টি করে উল্লেখযোগ্য কাজের বিষয়ে সুপারিশ প্রেরণ করবেন। | পরিচালক (সকল) |
| | | ১১.৫ | জনাব আলী মর্তুজা, উপপরিচালক (প্রশিক্ষণ) কে বিগত ২০১৪ সালে ইঞ্জিনিয়ার ইন্সটিটিউটের প্রতিনিধি নির্বাচিত হওয়ার বিষয়টি সভায় অবহিত করা হলে তাঁকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | সকল কর্মকর্তা |
| | | | -বিএমইটি'র নন-গেজেটেড কর্মচারী কর্মচারী সমিতি'র নবনির্বাচিত প্রতিনিধিদের সম্ভাষণ জানানো হয়। প্রতিনিধিদের প্রতি বিএমইটি'র অগ্রযাত্রার জন্য কার্যকর ভূমিকা গ্রহণে সহায়তা প্রদানের আহবান জানানো হয়। | সকল কর্মকর্তা ও কর্মচারী |
| | | ১১.৬ | বিএমইটি'র সাফল্যের সাথে জড়িত সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | |

০২। উপরোক্ত সিদ্ধান্তের বিষয়ে উপস্থিত সকলে একমত পোষণ করেন।

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি গৃহীত সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের অনুরোধ এবং সভায় সহযোগিতা করার জন্য উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৩/০৯/২০২৩


(মোঃ শহীদুল আলম এনডিসি)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ৪৯৩৪৯৯২৫ (অফিস)
Email-dg@bmet.gov.bd.


স্মারক নম্বর: ৪৯.০১.০০০০.০০২.০৬.০০২.২২. ২০৩৯

তারিখ: ৩০ /০৯/২০২৩

**অনুলিপিঃ (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):**

১. অতিরিক্ত মহাপরিচালক (প্রশিক্ষণ/কর্মসংস্থান), বিএমইটি, ঢাকা।
২. প্রকল্প পরিচালক (সকল) বিএমইটি, ঢাকা।

৩. সিনিয়র সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. পরিচালক (প্রশাসন ও অর্থ/কর্মসংস্থান/বহির্গমন/প্রশিক্ষণ পরিচালনা/প্রশিক্ষণ মান ও পরিকল্পনা) বিএমইটি, ঢাকা।
৫. অধ্যক্ষ, বিআইএমটি/ আইএমটি(সকল) ।
৬. সিস্টেম এনালিস্ট, বিএমইটি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. উর্ধ্বতন পরিসংখ্যান কর্মকর্তা (সকল), বিএমইটি, ঢাকা।
৮. উপপরিচালক (সকল), বিএমইটি, ঢাকা।
৯. অধ্যক্ষ, টিটিসি (সকল)।
১০. সহকারী পরিচালক (সকল) , বিএমইটি, ঢাকা।
১১. পরিসংখ্যান কর্মকর্তা (সকল), বিএমইটি, ঢাকা
১২. সহকারী পরিচালক, বিভাগীয়/জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস/শিক্ষানবিসি প্রশিক্ষণ দপ্তর, ঢাকা।
১৩. সহকারী পরিচালক, প্রবাসী কল্যাণ ডেস্ক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
১৪. সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা, বিএমইটি, ঢাকা।
১৫. নন-গেজেটেড সরকারী কর্মচারী সমিতি, বিএমইটি, ঢাকা।
১৬. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, বিএমইটি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৭. মাস্টার নথি/২০২৩।